দীর্ঘকাল ধরিয়া
সুনাম ও সততার
সঙ্গে
বিশেষত্ব বজায় রেখেছে
পণ্ডিত-প্রেস
সকল প্রকার ছাপার কাজের
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত
( দাদাঠাকুর )

বহরমপুর এক্সরে ক্লিনিক
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৫শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৯শে আশ্বিন বুধবার, ১৩৭৫ ইং 16th Oct. 1968 | ২৩শ সংখ্যা



ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

• ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।



খাস জনতা
কেরোসিন কুকার
বিপুলতা আকার।
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ প্রাইভেট লিঃ

পূজার বাজার এখানেই করুন
ভারতের সকল প্রান্ত হইতে আমদানী
প্রসাধন ও উপহার সামগ্রী, হোসিয়ারী দ্রব্য, উল,
মাথার ফিতা, খেলার সরঞ্জাম ও সব রকম
প্রয়োজনীয় দ্রব্যের সরবরাহক।
কর্ম্মাধ্যক্ষ—খেলা ঘর
রঘুনাথগঞ্জ চাউলপটী, মুর্শিদাবাদ



স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



জঙ্গিপুর সংবাদ

২৯শে আশ্বিন বুধবার সন ১৩৭৫ সাল।

# বন্যা>ক্ষতি>ত্রাণ ও সেবা

--০--

বাঙ্গালীর মহাপূজার পূর্বে ও পরে প্রকৃতির তাণ্ডবলীলা বাংলার বুকের উপর দিয়া যেভাবে বহিয়া গিয়াছে, তাহার ধকল বাংলা দেশ যে কত-দিনে সামলাইবে তাহা কে জানে? নিষ্করুণা প্রকৃতি দেবী বন্যার রণচণ্ডী মূর্ত্তিতে তাবৎ জেলা-সমূহে প্রাথমিক ক্ষয়ক্ষতি পূজার পূর্বেই আনিয়া-ছিলেন। ইহার অব্যবহিত পরেই সমগ্র উত্তরবঙ্গে আসিল প্রচণ্ডতম আঘাত। অক্টোবরের প্রথম সপ্তাহে প্রচণ্ড ঝড় বৃষ্টিতে নদীসমূহ ক্ষিপ্ত হইয়া উঠিল। পাহাড়ে পাহাড়ে নামিতে লাগিল ধস। নদীর প্লাবনে ও পাহাড়ের ধসে এক অঞ্চল আর এক অঞ্চল হইতে বিচ্ছিন্ন হইয়া পড়িল, পথসমূহ অবরুদ্ধ হইল। সর্বপ্রকারের যোগাযোগ ব্যাহত হইল। দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার, পশ্চিম দিনাজপুর পরে মালদহ প্রভৃতি জেলায় নদীর উন্মত্ত মাতনে প্রাণ হারাইল বহু পশু; জীবনাবসান হইয়াছে অগণিত নরনারী ও শিশুর। আসন্ন ও অনিবার্য বিপদ সম্পর্কে কেহ সচেতন ও সতর্ক হইবার অবকাশ পায় নাই, তৎপূর্বেই বিপদ চাপিয়া বসিয়াছে। বন্যার করাল-গ্রাসে উল্লেখিত জেলা-গুলির গ্রাম ও শহরগুলি জলমগ্ন হইয়া যায়। টাকা-পয়সা, অলঙ্কারপত্র, খাদ্যের সঞ্চয়—কোন কিছুই বাঁচাইতে পারা যায় নাই। প্রাণ লইয়াই টানাটানি। বন্যোত্তর উত্তরবঙ্গে আজ কত যে উদ্বাস্ত অপরের করুণা নির্ভর হইয়া অভিশপ্ত দিনগুলি অতিবাহিত করিতেছেন, তাহার সংখ্যা দেখাইয়া লাভ নাই; শুধু এইটুকু বলাই যথেষ্ট যে, এইরূপ ভয়াবহ প্রাকৃতিক দুর্যোগের করাল ভ্রূকুটি মানুষ দীর্ঘদিন দেখে নাই।

সেবা ও ত্রাণকার্য চলিতেছে। বাধ্য হইয়াই এই কার্যে সামরিক বাহিনীর সাহায্য লইতে হইয়াছে। বিপুল ও ব্যাপক ক্ষয়ক্ষতির তুলনায় সেবা ও ত্রাণ-কার্য পর্যাপ্ত নহে এবং তাহা বিলম্বিত আকারে হইয়াছে বলিয়া অভিযোগ শুনা গিয়াছে। আর সেইজন্যই উপ-প্রধানমন্ত্রী শ্রীমোরারজী দেশাই জলপাইগুড়ি শহরে জনগণের ক্ষোভ প্রত্যক্ষ করেন এবং বিভাগীয় কমিশনারের ক্রিয়াকলাপে তিনিও স্বয়ং ক্ষুব্ধ হন। ঘর-বাড়ী ও যাবতীয় সম্পত্তি গিয়াছে; মুকুলোদ্গমে অপেক্ষমান ধান নিশ্চিহ্ন। সারা বৎসরের জন্য দৈনিক দুই মুঠার আশাভরসা নির্মূল। সুতরাং সরকারী দাক্ষিণ্যই এই সব হতভাগ্যদের সম্বল।

সংবাদে প্রকাশ, নদীর তাণ্ডবে যাহাদের প্রাণ গিয়াছে, তাহা মানুষেরই কর্ত্তব্যক্রটিতে। নদীর হঠাৎ স্ফীতি যেখানে হয়, সেখানে লোককে বিপদের পূর্বসঙ্কেত দেওয়ার ব্যবস্থা থাকে। কিন্তু উত্তর বাংলায় বিগত বিপদ সম্পর্কে প্রশাসন কর্তৃপক্ষ হয়ত 'শীতঘুমে' আচ্ছন্ন ছিলেন বলিয়া অনেকের মনে প্রশ্ন দেখা দিয়াছে। মহামায়ার আরাধনায় এই দপ্তরের আচ্ছন্নতার ঘোর নিশ্চয়ই কাটে নাই। তাই সকলেই আজ ভাবিতে লাগিয়াছেন, নদীর জলোচ্ছ্বাসের বিপদসঙ্কেত দেওয়া হইয়াছিল কি না। সুতরাং আজ বিপন্ন মানুষগুলির দিকে তাকাইবার যেমন কেহ নাই, তেমনি তাঁহাদের জীবনের, তাঁহাদের নিরাপত্তার সম্পর্কে ভাবিবারও কেহ পূর্বে ছিল না। জনসংখ্যার পরিসংখ্যানের রেখাচিত্র ঊর্দ্ধমুখী না হইয়া যদি নিম্নাভিমুখী হয়, তাহা হইলে সে কৃতিত্বে ভারতীয় সরকারী খেতাব মিলিলে মন্দ কি?

বাংলার দুর্দশার অন্ত নাই। ঘরে-বাহিরে সে মার খায় তাহারই দেশবাসীর হাতে। গোদের উপর বিষফোড়া হইয়াছে প্রাকৃতিক দুর্বিপাক। কখনও খরা, কখনও সাজান সংসার ভাসে। ফসলের প্রাচুর্যের সম্ভাবনা গিয়াছে পর পর দু'টি বন্যায়। ভাঙ্গা বাঁধ আবার গড়িয়া উঠিবে, পথঘাটে আবার যানবাহন চলিবে; উন্মাদিনী বন্যায় সহস্র সহস্র জীবনবলির পূরণ হইবে না। দুর্যোগের পরে ত্রাণ-কার্যের তৎপরতা হতভাগ্যদের দুরবস্থাকে যেন ব্যঙ্গ করিতেছে। কেন্দ্রীয় সাহায্যের কোন অভাব হইবে না—এই আশ্বাসই এখন সার।

## অবসরপ্রাপ্ত রেলকর্ম্মচারীর পরলোকগমন

গত ২৫শে আশ্বিন শনিবার বৈকালে নশীপুর শহর নিবাসী অবসরপ্রাপ্ত রেলওয়ে গার্ড রামচন্দ্র চক্রবর্ত্তী মহাশয় বহরমপুর হাসপাতালে পরলোকগমন করিয়াছেন। তাঁহার শবদেহ টেম্পোযোগে নশীপুর আনিয়া জিয়াগঞ্জ শ্মশানে সৎকার করা হয়। মৃত্যুকালে তিনি বিধবা পত্নী, ছয় পুত্র, এক কন্যা, দুই ভ্রাতা ও বহু আত্মীয়স্বজন রাখিয়া গিয়াছেন। তাঁহার স্বজনগণের শোকে সমবেদনা জ্ঞাপন করিয়া পরলোকগত আত্মার চিরশান্তি কামনা করিতেছি।

## বাইবেলে বর্ণিত ছবি আবিষ্কার

আউগসবুর্গ (ডি, এ, ডি)—স্থানীয় একটি গির্জা সংস্কারের সময় প্রায় ৫০০ বছরের পুরোণো কয়েকটি বাইবেলে উল্লিখিত দেয়াল ছবি পাওয়া গেছে। সব চেয়ে যেটি অক্ষত অবস্থায় পাওয়া গেছে সেটি হচ্ছে যীশুখ্রীষ্টের জেরুসালেমে প্রবেশের ছবি। পণ্ডিতরা বলেন যে পুরাকালে খ্রীষ্টানরা যখন লিখতে পড়তে জানতো না এই রকম দেয়াল ছবির সাহায্যে তাদের কাছে বাইবেলের মাহাত্ম্য বর্ণনা করা হ'ত।

## দাঁতের চিকিৎসা

মিউনিখ (ডি, এ, ডি) কথায় বলে দাঁত থাকতে দাঁতের মর্ম বোঝে না। প্রত্যেকেরই উচিত মাঝে মাঝে ডাক্তারকে দিয়ে দাঁতগুলো একবার দেখিয়ে নেওয়া। মিউনিখে এখন সেখানকার বোটানিক্যাল গার্ডেনে অস্থায়ী একটি দন্ত চিকিৎসা-কেন্দ্র খোলা হয়েছে। বেড়াতে এসে অনেকেই সেই কেন্দ্রে গিয়ে দাঁত পরীক্ষা করাচ্ছেন এবং বিনামূল্যে বিশেষজ্ঞদের পরামর্শ পাচ্ছেন।

## কাটলেট তৈরীর কল

ফ্রাঙ্কফুর্ট (ডি, এ, ডি) পশ্চিম জার্মানীর এক ভদ্রলোক মাথা খাটিয়ে কাটলেট তৈরীর একটি কল তৈরী করেছেন। এথেকে পাঁচ সেকেণ্ডে পাউরুটির গুড়ো মাখানো এক একটি রসালো কাটলেট বেরিয়ে আসে। এই কলের কৃপায় গৃহিণীদের কাটলেট তৈরী করার অনেক হাঙ্গামা বেঁচে যাবে।

## অধিক ফলনশীল গম ও বোরো-ধানের চাষ সম্বন্ধে শিক্ষণ-শিবির

গত ১৫ই অক্টোবর মঙ্গলবার বেলা ১১-৩০ ঘটিকায় রঘুনাথগঞ্জ থানার অনতিদূরে কাঁকুড়িয়াস্থিত ১নং রঘুনাথগঞ্জ ব্লক সিড্-ফার্ম্মে অধিক ফলনশীল গম ও বোরো-ধানের চাষ সম্বন্ধে একটা শিক্ষণ-শিবির আয়োজিত হইয়াছিল।

নিমন্ত্রণ পত্রে উল্লিখিত সভাপতি মুখ্য কৃষি-আধিকারিক মহাশয় আসেন নাই। তাঁহার স্থলে বহরমপুর সদরের মহকুমা কৃষি-আধিকারিক মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। সভায় প্রায় দেড়শত কৃষিজীবী সমবেত হন। তাঁহাদিগের অধিকাংশ ব্যক্তিকে প্রথমে চার টিকলী বিস্কুট ও এক কাপ চা এবং বেলা তিন ঘটিকার সময় দুই শ্লাইস্ পাউরুটী, তিন চারি টুকরা মাংস ও আলু। একটী রসগোল্লা ও এক কাপ চা দেওয়ার ব্যবস্থা ছিল।

সভায় কাজের কথা অপেক্ষা বাজে চেঁচামেচিই বেশী হইয়াছে। বহু লোকে ফার্মের কর্মীদের কার্য্যকলাপ সম্বন্ধে নানা অভিযোগ করিয়াছেন। কিন্তু কর্ত্তা-ব্যক্তিরা তাহাতে নিরুত্তর থাকেন। ভুক্তভোগী ব্যক্তিরা ধান্য বীজে ধুলা মিশান, বীজ-তলার উদ্বৃত্ত বীজ ধান বিক্রয়ের সময় দরের তারতম্য করার, সার পাচারের কথা, জরুর গ্রামে ধান বাঁইচে দেওয়ার কথা, ফার্ম্মের বলদ চারিটাকে নিয়মমাফিক খেতে না দেওয়া থইল কম দেওয়ার কথা উচ্চৈঃস্বরে আলোচনা করেন।

নিয়মমাফিক চাষ, সার, সেচ, কাঁটাতারের বেড়া দেওয়া সুরক্ষিত, কৃষি-বিষয়ে সুশিক্ষিত অভিজ্ঞ ম্যানেজারের পর্য্যবেক্ষণে পরিচালিত সিড-ফার্ম্মের শস্যের ফলনের প্রতি দেশস্থ চাষীকুল আগ্রহ সহকারে চাহিয়া আছেন। এই ফার্ম্মের একর প্রতি ফলন জানাইয়া সকলকে সন্তুষ্ট করিবার জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

---

## পাটকেলডাঙ্গায় রাস্তায় আলোকের ব্যবস্থা

গত ১২ই অক্টোবর শনিবার জঙ্গিপুর মহকুমার সাগরদীঘি থানার পাটকেলডাঙ্গা অঞ্চলের পাটকেল-ডাঙ্গা গ্রামে আলোক-দান উপলক্ষে এক সভা অনুষ্ঠিত হয়। জঙ্গিপুরের জনপ্রিয় মহকুমা-শাসক শ্রীঅসিতরঞ্জন দাশগুপ্ত মহাশয় উক্ত সভায় সভাপতিত্ব করেন। জেলা পঞ্চায়েত অফিসার মহাশয় সভায় যোগদান করেন। সভায় পার্শ্ববর্ত্তী গ্রামসমূহের ও অন্যান্য অঞ্চলের অধিবাসিগণ সমবেত হন। বর্ত্তমানে উক্ত গ্রামে ১৫টী কাঠের আলোক স্তম্ভে ল্যাণ্টার্ণ দিয়া আলো জ্বালানর ব্যবস্থা হইয়াছে। জঙ্গিপুর মহকুমার পল্লীগ্রামে আলোর ব্যবস্থা এই প্রথম।

---

## মুর্শিদাবাদ জেলাবাসীর প্রতি আবেদন

উত্তরবঙ্গের প্রলয়ঙ্করী বন্যায় জন-জীবন আজ বিপর্যস্ত, দুর্গতের হাহাকার আকাশ ছোঁয়া। মানুষ হিসেবে আমরা যেভাবে যতটুকু পারি সাহায্য করে আমাদের কর্ত্তব্য করতে পারি। তাই আপনাদের কাছে এই মহান্ কর্ত্তব্যে অংশ নিতে সনির্ব্বন্ধভাবে আবেদন জানাচ্ছি। দান যৎসামান্য হ'লেও তা সাদরে গৃহীত হ'বে। দান জমা নেওয়ার জন্যে মহকুমা শাসকগণকে ভার দেওয়া হ'য়েছে।

বিনীত—শ্রীবরদাচরণ শর্ম্মা
জেলা-শাসক, মুর্শিদাবাদ।

---

ক্ষেত্র তথ্য-আধিকারিক কর্তৃক প্রচারিত।

---

## নয়নসুখ হাই স্কুলে দশদিনব্যাপী অসামরিক প্রতিরক্ষা শিক্ষণ-শিবির

দশদিনব্যাপী অসামরিক প্রতিরক্ষা শিক্ষণ-শিবির ফরাক্কা ব্লকের নয়নসুখ হাই স্কুলে গত ৯ই অক্টোবর সুরু হয়েছে। শিবির উদ্বোধন করেছেন জঙ্গিপুরের মহকুমা-শাসক শ্রীঅসিতরঞ্জন দাশগুপ্ত। উদ্বোধনী ভাষণে শ্রীদাশগুপ্ত শিক্ষার্থীদের বলেন যে দেশের বিপদকালীন অবস্থায় শিক্ষার্থীরা হবেন রক্ষাকারী ও প্রহরী। শিক্ষার্থীদের জন্য ১৪ই অক্টোবর অসামরিক প্রতিরক্ষার উপর ছায়াচিত্রের আয়োজন করেন ক্ষেত্রতথ্য সংস্থার সহযোগিতায় জঙ্গিপুরের মহকুমা তথ্য আধিকারিক। ৬০ জন শিক্ষার্থী রয়েছেন শিবিরে। শিবির পরিচালনা করেছেন শ্রীআর, জি, সওদাগর, ষ্টাফ অফিসার।

—জঙ্গিপুর মহকুমা তথ্য-দপ্তর

## কর্ম্মখালি

দেশবন্ধু-যতীনদাস পাঠাগারের জন্য একজন গ্রন্থাগারিক আবশ্যক। বেতন ও ভাতা প্রচলিত নিয়মানুযায়ী দেয়। আবেদনের শেষ তারিখ ২৫শে অক্টোবর '৬৮। নিম্নতম যোগ্যতা স্কুল ফাইনাল বা হায়ার সেকেণ্ডারী উত্তীর্ণ।

শ্রীবিশ্বপতি চট্টোপাধ্যায়,
সম্পাদক, দেশবন্ধু যতীনদাস পাঠাগার
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ২৮শে অক্টোবর, ১৯৬৮

১৯৬৮ সালের ডিক্রীজারী

১৫ মর্গেজ ডিঃ মদেশ্বর হোসেন দেং বৃন্দাবন মান দাবি ২৫৩'৩২ পয়সা থানা সাগরদীঘি মৌজে শ্যামপুর ৮৮ ডেঃ কাত ৪॥৶০ আঃ ১৫০্ খং ৯

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১১ই নভেম্বর, ১৯৬৮

১৯৬৭ সালের ডিক্রীজারী

৪ মনি ডিঃ ভুজঙ্গভূষণ চক্রবর্ত্তী দিং দেং তৈয়ব আলি মুন্সী দিং দাবি ৩৬০৬'৫৭ পয়সা থানা রঘুনাথগঞ্জ মৌজে গিরিয়া ৪৪ শঃ কাত ২/৫ আঃ ১০০্ খং ৩৩৯ স্থিতিবান স্বত্ব ২নং লাট মৌজাদি ঐ ২-৫১ শঃ কাত ৬/১ মধ্যে ৮ শঃ কাত ॥০ আঃ ৫০্ খং ১৭৩২ ৩নং লাট থানা ঐ মৌজে কুলড়ী ৬৬ শঃ কাত ৭্ আঃ ২০০্ খং ৩৫৩ ৪নং লাট মৌজাদি ঐ ৩১৫ শঃ কাত ১৫/ আঃ ৯০০্ খং ° ৫নং লাট মৌজাদি ঐ ৮৬ শঃ কাত ৩৬৯ আঃ ২০০্ খং ৩৫২ ৬নং লাট মৌজাদি ঐ ২৭ ডেঃ কাত ৩৯ আঃ ৫০্ খং ১৫২ ৭নং লাট থানা সুতি মৌজে নুরপুর ৭৭ ডেঃ কাত ৩্ আঃ ১'৪্ খং ১১৬১/৪৯৩ ৮নং লাট থানা ঐ মৌজে নয়া-বাহাদুরপুর ২৫ শঃ কাত ২্ মধ্যে ৭ শঃ ॥০ আঃ ২৫্ খং ৩৩২ ৯নং লাট থানা রঘুনাথগঞ্জ মৌজে পিরোজপুর ৯০ শঃ কাত ৩্ আঃ ৭৫০্ খং ২৩

---



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ

জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ ( সদরঘাট )

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও **অঞ্চল পঞ্চায়েৎ,** গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

***সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়***

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

---

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

*ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের*

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

***জঙ্গিপুর সংবাদ*** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য সডাক ৪'০০ চারি টাকা, শহরে ৩'০০ তিন টাকা, প্রতি সংখ্যা দশ পয়সা।

বিজ্ঞাপনের হার:—প্রতিবার প্রতি লাইন ৫০ পয়সা। প্রতিবার প্রতি সেন্টিমিটার ১'০০ এক টাকা। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন।

ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )